

০৫/০৫/২০১৯

ফরম পুরণের বিজ্ঞপ্তি
সিএসই পার্ট-১, ১ম সেমিস্টার-২০১৯
শিক্ষাবর্ষ: ২০১৮-২০১৯

এতদ্বারা আই.এস.টির সিএসই ২০১৮-২০১৯ শিক্ষাবর্ষের ছাত্র-ছাত্রীদের জানানো যাচ্ছে যে, জাতীয় বিশ্ববিদ্যালয় হতে প্রকাশিত বিজ্ঞপ্তি মোতাবেক ০৫ মে ২০১৯ ইং তারিখ হতে ১২ মে ২০১৯ ইং তারিখের মধ্যে সিএসই পার্ট-১, ১ম সেমিস্টার ২০১৯ পরীক্ষার ফরম ফিলাপের সময় নির্ধারণ করা হয়েছে। এ প্রেক্ষিতে সংশ্লিষ্ট পরীক্ষার্থীদেরকে প্রিন্টকৃত ফরম হিসাব শাখায় জমা দেয়ার পূর্বে হিসাব শাখা ও লাইব্রেরী সেকশন হতে যাবতীয় পাওনাদি পরিশোধ সাপেক্ষে ছাড়পত্র সংগ্রহ করতে হবে। এখানে উল্লেখ্য যে, যে সকল শিক্ষার্থী এখনও Development Fee পরিশোধ করেনি তাদেরকে অবশ্যই ফরম ফিলাপের পূর্বে পরিশোধ করার নির্দেশ দেয়া যাচ্ছে। উক্ত তারিখের পর কোন ক্রমেই ফরম পুরণ করতে পারবেনা।

ফরম পুরণের নির্দেশনাবলী:

ক) পরীক্ষার্থী কর্তৃক অনলাইনে ফরম পুরণ এবং কলেজে জমাদানের তারিখ: ০৫/০৫/২০১৯ থেকে ১২/০৫/২০১৯ পর্যন্ত।

খ) আবেদনকারীকে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে (www.nubd.info/cse) form fill-up এ গিয়ে Apply to online form fill-up (for Student) লিংকে ক্লিক করে নিজের রেজিস্ট্রেশন নম্বর দিয়ে ও ওয়েবসাইটের নির্দেশনা অনুযায়ী নিজের ডাটা এন্ট্রি করতে হবে। ডাটা এন্ট্রির প্রক্রিয়া সম্পন্ন হলে, অনলাইন থেকে একটি পূরনকৃত আবেদন ফরম প্রিন্ট করে নিতে হবে। পূরনকৃত ফরমটিতে ১ কপি পাসপোর্ট সাইজে ছবি নির্ধারিত স্থানে আইকা গাম দ্বারা আটকিয়ে নির্ধারিত ফি জমা দিয়ে হিসাব শাখা জমা দিতে হবে।

গ) ON LINE ফরম পূরনের পূর্বে ভর্তি তথ্য কেন্দ্র হতে অনার্স এর রেজিস্ট্রেশন কার্ড সংগ্রহ করতে হবে।

ফরম পূরণ সংক্রান্ত যে কোন প্রয়োজনে কোর্স কো-অর্ডিনেটর এর সাথে যোগাযোগ করতে বলা হচ্ছে। বকেয়া সংক্রান্ত কোন ধরনের সুপারিশ গ্রহণযোগ্য নয়।

নিয়মিত পরীক্ষার্থীদের জন্য: পরীক্ষার ফি, কেন্দ্র ফি ও আনুষঙ্গিক সহ ৩০০০/- এবং মডেল টেস্ট পরীক্ষার ফি ৩০০/- সহ সর্বমোট ৩৩০০/- টাকা নগদ হিসাব শাখায় জমা দিতে হবে।

মান-উন্নয়ন পরীক্ষার ফি: ২৫০০/- টাকা। ২০১৭-২০১৮ শিক্ষাবর্ষের শিক্ষার্থীরা C, D এবং F গ্রেড প্রাপ্ত বিষয়ে এইবারেই মান-উন্নয়ন পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে পরবর্তীতে তাদের আর কোন সুযোগ দেয়া হবেনা। ২০১৬-২০১৭ শিক্ষাবর্ষের শিক্ষার্থীরা শুধুমাত্র F গ্রেড বিষয়ে শেষ বারের মত পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।

স্বাক্ষরিত//

(এ কে এম মুনতাসির বিল্লাহ মুন্না)

কোর্স কো-অর্ডিনেটর

সিএসই ১ম সেমিস্টার

আই.এস.টি।

কপি প্রেরণ:

- ১। পরিচালক, আই.এস.টি।
- ২। বিভাগীয় প্রধান, সিএসই বিভাগ
- ৩। চীফ প্রশাসনিক কর্মকর্তা, আই.এস.টি
- ৪। হিসাব শাখা, আই.এস.টি।
- ৫। লাইব্রেরী শাখা, আই.এস.টি।
- ৬। আই.এস.টি নোটিশ বোর্ড।
- ৭। ভর্তি তথ্য কেন্দ্র
- ৮। সিনিয়র অফিস সহকারী (বিজ্ঞপ্তি আই.এস.টির ওয়েব সাইটে প্রকাশের জন্য প্রেরণ করা হল)।